খুলনায় মাছের ঘের থেকে ব্যবসায়ির মরদেহ উদ্ধার

খুলনার ডুমুরিয়া উপজেলায় একটি মাছের ঘের থেকে সগির উদ্দিন হাওলাদার (৩৫) নামে এক মাছ ব্যবসায়ির মরদেহ উদ্ধার করা হয়েছে। রোববার দুপুর ১২টার দিকে ডুমুরিয়া উপজেলার ঘোনা মাদারডাঙ্গার একটি মাছের ঘের থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। তিনি দাকোপ উপজেলার কৈলাশগঞ্জ গ্রামের হাবিব হাওলাদারের ছেলে।

ডুমুরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম বিপ্লব জানিয়েছেন, ডুমুরিয়ার শেষ প্রান্তে ঘোনামাদার ডাঙ্গার বিলের মাছের ঘেরে স্থানীয়রা সকালে একটি মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেয়। খবর পেয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠিয়েছে। তার শরীরে কোন আঘাতের চিহ্ন নেই বলে ওসি জানান।

শামীম আহমেদ নামে নিহতের এক আত্মীয় জানান, ডুমুরিয়ার ঘোনা মাদার ডাঙ্গায় প্রায় ৮ বছর ধরে জমি লিজ নিয়ে মাছ চাষ করতো সগির। ওই এলাকায় থাকতো সে। তবে কি কারণে তাকে হত্যা করা হয়েছে সে বিষয়ে পুলিশ বা তার স্বজনরা জানাতে পারেনি।